

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৬৭

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. বায়তুল মাকদিস হতে কা'বার দিকে কিবলা পরিবর্তন সম্পর্কে

بَابِ فِي تَحْوِيلِ الْقِبْلَةِ مِنْ بَيْتِ الْمَقْدِسِ إِلَى الْكَعْبَةِ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ قِيلَ يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ الَّذِينَ مَاتُوا وَهُمْ يُصَلُّونَ إِلَى بَيْتِ الْمَقْدِسِ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى وَمَا كَانَ اللَّهُ لِيُضِيعَ إِيمَانَكُمْ

বাংলা

১২৬৭. ইবনু আব্বাস রাদ্য়াল্লাহ আনহুমা হতে বর্ণিত, তিনি বলেন, বলা হলো, ইয়া রাসূলুল্লাহ! যারা ইতোমধ্যে মৃত্যু বরণ করেছে আর তারা 'বাইতুল মাকদিস' এর অভিমুখী হয়ে সালাত আদায় করতো। এদের ব্যাপারে আপনার অভিমত কী? তখন আল্লাহ তা'আলা নাযিল করলেন: ["নিশ্চয়ই আল্লাহ এমন নন, যে তোমাদের ঈমানকে বিনষ্ট করেন।"[1] (সুরা বাকারা: ১৪৩)]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ যয়ীফ। তবে এর শাহিদ হাদীস বারা'আ (রা:) হতে সহীহ বুখারী-মুসলিমে বর্ণিত হয়েছে। ((ফলে এ হাদীসটি সহীহ লিগয়রিহী-অনুবাদক))

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১৭১৭ ও মাওয়ারিদুয যাম'আন নং ১৭১৮ এ। আর বারা'আ রা: হতে এর শাহিদ হাদীসটি বর্ণনা করেছেন, সহীহ বুখারী ৪০; সহীহ মুসলিম ৫২৫; আর এটির তাখরীজ করেছি ইবনু হিব্বান নং ১৭১৬ এ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন